যাচাই

ঘটনার পিছনের ঘটনা

# কোটা আন্দোলন : পেইড সোশ্যাল মিডিয়া প্রোপ্যাগান্ডায় কে এগিয়ে?

চলমান কোটা আন্দোলনের পরিপ্রেক্ষিতে এমাসের ১৮ তারিখ থেকে বাংলাদেশে জনপ্রিয় সব সোশ্যাল মিডিয়া সাইট সরকার কর্তৃক ব্লক করা হয়েছে। বাংলাদেশ থেকে যে অল্প সংখ্যক মানুষ ফেসবুক ব্যবহার করছে, তাদেরকে টার্গেট করে অসংখ্য বেনামী পেইজ থেকে বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা হচ্ছে অজস্র রাজনৈতিক পোস্ট।

লিখেছেন

যাচাই স্টাফ
নিজস্ব প্রতিবেদন

প্রথম প্রকাশ : জুলাই ৩০, ২০২৪

বাংলাদেশের সবচেয়ে বহুল ব্যবহৃত সোশ্যাল মিডিয়া সাইট ফেসবুক ব্লক থাকলেও এই সামাজিক মাধ্যমে চলছে রাজনৈতিক বিজ্ঞাপনের মাধ্যমে রাজনৈতিক প্রোপ্যাগান্ডা প্রচারের হিড়িক। ভিপিএন ও দুর্বল গতির ইন্টারনেটের মাধ্যমে বাংলাদেশ থেকে যে অল্প সংখ্যক মানুষ ফেসবুক ব্যবহার করছে, তাদেরকে টার্গেট করে অসংখ্য বেনামী পেইজ থেকে বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা হচ্ছে অজস্র রাজনৈতিক পোস্ট।

ফেসবুকের প্যারেন্ট কোম্পানি মেটা থেকে প্রাপ্ত রাজনৈতিক বিজ্ঞাপনদাতাদের তথ্য থেকে আমাদের অনুসন্ধানে বের হয়ে আসা পর্যালোচনাগুলো এখানে তুলে ধরা হলো।

## প্রথম দুই সপ্তাহের চিত্র

জুলাই ১২ তারিখ থেকে কোটা আন্দোলনকে কেন্দ্র করে অস্থিতিশীলতা শুরু হয় এবং ১৮ তারিখ রাত থেকে সারাদেশে ইন্টারনেট ব্ল্যাকওয়াউট চলে।

এর মধ্যে জুলাই ১৩-১৯ তারিখ এই সাত দিন মোট ১,৮৬০টি রাজনৈতিক বিজ্ঞাপন ৩৩৮টি ফেসবুক পেইজ থেকে প্রচার করা হয়। এর মধ্যে ১০০ ডলারের ওপর খরচ করে ১৬টি পেইজ, যার মোট পরিমাণ ৩,১২১ ডলার (প্রায় ৩.৬ লাখ টাকা সমমান)।

পরের সপ্তাহ জুলাই ২০-২৬ তারিখের মধ্যে চার দিন সারা দেশব্যাপী ইন্টারনেট বন্ধ থাকলেও এই সাত দিনে মোট ১,২৯৫টি বিজ্ঞাপন ২০৪টি ফেসবুক পেইজ থেকে প্রচার হয়। এর মধ্যে ১০০ ডলারের ওপর খরচ করে ১৬টি পেইজ, যার মোট পরিমাণ ৭,৩০৬ ডলার (প্রায় ৮.৬ লাখ টাকা সমমান)। এর মধ্যে শুধুমাত্র শেষের দুই দিনেই মাত্র ৬টি পেইজ থেকে ব্যয় করা হয় ৪,৭৮০ ডলার (প্রায় ৫.৬ লাখ টাকা সমমান)।

এই ১৬টি পেইজকে সরকারপন্থী ও বিরোধীপন্থী দুই গ্রুপে বিভক্ত করে পেইজগুলোর এই দুই সপ্তাহে ব্যয়ের চিত্র দাঁড়ায় :

| গ্রুপ | ব্যয়ের পরিমাণ ($) | ব্যয়ের পরিমাণ (৳) | বিজ্ঞাপনের সংখ্যা |
|---|---|---|---|
| সরকারপন্থী (১৪) | ৯,৯২৬ | ১১ লাখ | ৩০০+ |
| বিরোধীপন্থী (২) | ৫০১ | ৫৮ হাজার | ৩ |

* জুলাই ১৩ - জুলাই ২৬, ২০২৪ পর্যন্ত

## বিজ্ঞাপনগুলোর বিষয়বস্তু

প্রচারিত বিজ্ঞাপনগুলোর ৮০% এরও অধিক বিজ্ঞাপনদাতা সরকারপন্থী মতাবলম্বী। তাদের প্রচারিত বিজ্ঞাপনের নমুনা বিষয়বস্তুগুলো হচ্ছে :

- সহিংসতা ও ধ্বংসযজ্ঞে বিরোধী দল কীভাবে মদদ দিয়েছে তার ব্যাখ্যা
- বিভিন্ন সরকারি ভবন ও রাষ্ট্রীয় সম্পদের ধ্বংসাবশেষের চিত্র
- আন্দোলনকারী কর্তৃক বিভিন্ন সহিংসতার বর্ণনা
- আইনশৃঙ্খলা বাহিনীর ওপর আক্রমণের ঘটনা
- আন্দোলনকারীদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান

অপরদিকে সরকার বিরোধী বিজ্ঞাপনদাতারা সংখ্যায় প্রায় ২০% হলেও তাদের বিজ্ঞাপন বাজেট ছিল নাজুক। প্রায় সবারই বাজেট ব্যয় ছিল ১০০ ডলারের কম। এসব পেইজগুলো থেকে আন্দোলনকারীদের সমর্থন এবং সরকারপন্থী গোষ্ঠীর দ্বারা হতাহতদের জন্য বিচার চাওয়া হচ্ছে।

Spending Tracker

Amount spent on ads about social issues, elections or politics across Meta technologies.

Spending from the last 7 days

**ভালোর পথে-Bhalor Pothe**
Page · 44.2K likes
**$2.4K**

**আহবান - Ahoban**
Page · 14.7K likes
**$1.9K**

**Press Xpress**
Page · 163.3K likes
**$1.5K**

**Aamrai Bangladesh - আমরাই বাংলাদেশ**
Page · 607.7K likes
**$1.2K**

**আমার দেশ আমার অহংকার**
Page · 2.7K likes
**$575**

**দুশমন**
Page · 7.2K likes
**$364**

**আবার দশ ট্রাক-Abar 10 Truck**
Page · 5.3K likes
**$277**

**Authentic News**
Page · 4.1K likes
**$273**

**CAP - Campaign Advocacy Program**
Page · 26.7K likes
**$240**

**ক্রাইম স্টেশন-Crime Station**
Page · 23.8K likes
**$207**

Track more advertisers with Meta's Spending Tracker.

## পেইজগুলো কোথা থেকে চালানো হচ্ছে?

পেইজগুলোর এডমিনদের লোকেশন অনুসন্ধান করে দেখা গিয়েছে প্রায় সবগুলোরই অধিকাংশ এডমিন বাংলাদেশ ভিত্তিক। ধারনা করা যায় ভিপিএন এর মাধ্যমে তারা ফেসবুক ব্যবহার করতে পারছেন। তবে কোনো কোনো পেইজের একজন করে হলেও এডমিন বাইরের দেশে অবস্থান করছে।

আশ্চর্যজনকভাবে বিরোধীপন্থী পেইজগুলো কোনোটির ক্ষেত্রেই দেখা না গেলেও, সরকারপন্থী অন্তত **১১**টি পেইজ পাওয়া গিয়েছে যার একজন এডমিন পাকিস্তানে রয়েছে।

এসব পেইজ বাংলাদেশে রাজনৈতিক বিজ্ঞাপনে সবচেয়ে বেশি ব্যয় করেছে এমন পেইজগুলোর মধ্যে অন্যতম। এই পেইজগুলো হচ্ছে :

| পেইজের নাম | মোট ব্যয় | বিজ্ঞাপনের সংখ্যা |
|---|---|---|
| আমার নেত্রী আমার অহংকার | $ 9,053 | 2,785 |
| আহবান - Ahoban | $ 8,756 | 1,792 |
| Aamrai Bangladesh - আমরাই বাংলাদেশ | $ 4,023 | 454 |
| আবিজা - Abija | $ 3,993 | 2,719 |
| Go Bangladesh | $ 2,491 | 1,843 |
| আমার দেশ আমার অহংকার | $ 2,478 | 448 |
| নাশকতা - Nashokota | $ 1,987 | 1,110 |
| দুশমন | $ 1,809 | 255 |
| ক্রাইম স্টেশন-Crime Station | $ 1,807 | 381 |
| আগামীর বাংলাদেশ | $ 234 | 73 |
| Dadu Bhai - দাদু ভাই | $ 115 | 65 |

* সেপ্টেম্বর ৭, ২০২২ থেকে জুলাই ২৬, ২০২৪ পর্যন্ত

শুধুমাত্র ২০-২৬ জুলাই, ২০২৪ তারিখের মধ্যেই এই **১১**টি পেইজ প্রায় ৪ হাজার ডলারের বিজ্ঞাপন ফেসবুকে দিয়েছে।

## জেলাভিত্তিক প্রোপ্যাগান্ডা চক্র

অনুসন্ধানে অন্তত ৩৮টি পেইজ পাওয়া গিয়েছে যারা জেলাভিত্তিক মূলত অরাজনৈতিক কন্টেন্ট প্রকাশ করে অডিয়েন্স তৈরি করেছে। তবে এসব পেইজ থেকে বিগত ২ সপ্তাহ প্রায় একযোগে একই ধরনের রাজনৈতিক পোস্ট এবং বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে। পেজগুলোর নামের ধরনেও মিল দেখা যায়।

এসব পেইজের মধ্যে রয়েছে :

- সোনালী সাতক্ষীরা : Sonali Satkhira
- বগুড়া বার্তা - Bogura Barta
- প্রাণের নওগাঁ - Praner Naogaon
- ইছামতির কথন - Ichamatir Kothon
- মহানন্দা জনপদ - Mohanonda Jonopod
- ময়মনসিংহের আলো- Mymensingher Alo
- শেরপুরের দর্পণ - Sherpurer Dorpon

## ফেসবুকে রাজনৈতিক বিজ্ঞাপনে বাংলাদেশে শীর্ষ ২০

মেটার তথ্য অনুযায়ী বাংলাদেশে শীর্ষ ২০ রাজনৈতিক বিজ্ঞাপনদাতা পেইজ হচ্ছে* :

| স্থান | পেইজের নাম | পন্থা | ব্যয়ের পরিমাণ (মার্কিন ডলারে) | বিজ্ঞাপনের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | Salman F Rahman | সরকার | 26,975 | 707 |
| ২ | Zunaid Ahmed Palak | সরকার | 26,863 | 491 |
| ৩ | Press Xpress | সরকার | 26,007 | 3,822 |
| ৪ | Rupganjer Kotha | সরকার | 25,607 | 96 |
| ৫ | ভালোর পথে-Bhalor Pothe | সরকার | 18,585 | 1,915 |
| ৬ | CAP - Campaign Advocacy Program | সরকার | 12,854 | 629 |
| ৭ | Bangladesh Nationalist Party-BNP | বিরোধী | 12,309 | 42 |
| ৮ | BD Peoples Voice | সরকার | 12,205 | 427 |
| ৯ | BNP Media Cell | বিরোধী | 11,924 | 106 |
| ১০ | M A Razzak Khan Raj CIP | সরকার | 10,707 | 363 |
| ১১ | সফল বাংলাদেশ | সরকার | 9,359 | 3,241 |
| ১২ | আমার নেত্রী আমার অহংকার | সরকার | 9,053 | 2,785 |
| ১৩ | Bangladesh Awami League | সরকার | 8,992 | 2,691 |
| ১৪ | আহবান - Ahoban | সরকার | 8,756 | 1,792 |
| ১৫ | প্রজন্মের আওয়াজ | সরকার | 8,669 | 1,659 |
| ১৬ | Salma Islam - MP | বিরোধী | 8,543 | 50 |
| ১৭ | Mahmud Hassan Ripon | সরকার | 7,697 | 271 |
| ১৮ | Positive Bangladesh | সরকার | 7,197 | 1,568 |
| ১৯ | বঙ্গবন্ধু অনলাইন আর্কাইভ | সরকার | 7,037 | 2,000 |
| ২০ | a2i - Aspire to Innovate | সরকার | 6,324 | 112 |

* জুলাই ২৬, ২০২৪ তারিখ পর্যন্ত

* Nagad ($37,430), Panjeree Publications Ltd.($18,569) সরাসরি রাজনৈতিক পেইজ না হওয়াতে মেটার তালিকায় থাকলেও এই তালিকায় এই পেইজগুলো অন্তর্ভূক্ত করা হয়নি।

নিচে সরকারপন্থী ও বিরোধীপন্থী দুই গ্রুপে বিভক্ত করে পেইজগুলোর ব্যয়ের পরিমাণ তুলে ধরা হলো* :

| গ্রুপ | মোট ব্যয় (মার্কিন ডলারে) | মোট ব্যয় (টাকায় বর্তমান রেটে সমমান) | বিজ্ঞাপনের সংখ্যা |
|---|---|---|---|
| সরকারপন্থী | ২,৩২,৮৮৭ | ২.৭ কোটি | ২৪,৫৬৯ |
| বিরোধীপন্থী | ৩২,৭৭৬ | ৩৮ লাখ টাকা | ১৯৮ |

* সেপ্টেম্বর ৭, ২০২২ থেকে জুলাই ২৬, ২০২৪ পর্যন্ত

## যেকোনো পেইজের বিজ্ঞাপনের তথ্য কীভাবে জানতে পারবেন?

মেটা তার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলোতে যারা রাজনৈতিক বিজ্ঞাপন দেয় তাদের তথ্য Meta Ad Library Report এর মাধ্যমে সবার জন্য উন্মুক্ত। আমাদের প্রতিবেদনের সকল উপাত্ত তাদের প্রদত্ত রিপোর্ট থেকে নেওয়া।

এখানে উল্লেখ্য, মেটা তার রিপোর্টে লাইভ ডাটা প্রদান করে না। রিপোর্টে তিন দিন আগে পর্যন্ত ডাটা পাওয়া যায়। তাই জুলাই ২৬ তারিখ পর্যন্ত প্রাপ্ত ডাটার ওপর ভিত্তি করে এই প্রতিবেদনটি করা হয়েছে।

তবে মেটা এড লাইব্রেরির মাধ্যমে এসব পেইজগুলোর চলমান বিজ্ঞাপনের তালিকা দেখা যায়।

অনুসন্ধানের সময় এই তালিকাগুলোতে দেখা যায় জুলাই ২৬ তারিখের পর অজস্র নতুন বিজ্ঞাপন এসব পেইজগুলোতে এখন চলমান রয়েছে। তাই ধরনা করা যায়, জুলাই ২৬ তারিখ পর্যন্ত দৈনিক বিজ্ঞাপনদাতা পেইজ ১০০ এর আশেপাশে এবং তাদের প্রচারিত বিজ্ঞাপনের সংখ্যা ৫০০-৬০০ এর মধ্যে থাকলেও, গত তিন দিনে এই সংখ্যাগুলো অনেক হারে বৃদ্ধি পেয়েছে।

Political Advertisers Tracker (Bangladesh) : Advertisement by Date

| Date Range | Advertiser Count | Ad Count | Total Spent* | Pages | | Ad Count | | Spent* | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | PRO-GOV | ANTI-GOV | PRO-GOV | ANTI-GOV | PRO-GOV | ANTI-GOV |
| Lifelong | 10,576 | 155,720 | $ 898,411 | 271 | 36 | 94,729 | 1,092 | $448,294 | $50,289 |
| 28/04/24 - 26/07/24 | 1,737 | 17,533 | $ 70,286 | 148 | 20 | 10,404 | 169 | $37,827 | $2,800 |
| 27/06/24 - 26/07/24 | 683 | 5,438 | $ 19,630 | 135 | 19 | 4,042 | 117 | $16,724 | $908 |
| 13/07/24 - 19/07/24 | 335 | 1,778 | $ 3,121 | 107 | 7 | 1,311 | 69 | $2,852 | $269 |
| 20/07/24 - 26/07/24 | 204 | 1,295 | $ 7,306 | 87 | 17 | 1,111 | 41 | $7,074 | $232 |
| 19/07/24 | 100 | 570 | $ 353 | 47 | 7 | 424 | 12 | $353 | $0 |
| 20/07/24 | 69 | 512 | $ 137 | 32 | 6 | 392 | 9 | $137 | $0 |
| 21/07/24 | 68 | 504 | $ - | 38 | 7 | 398 | 9 | $0 | $0 |
| 22/07/24 | 80 | 545 | $ - | 43 | 4 | 433 | 4 | $0 | $0 |
| 23/07/24 | 88 | 525 | $ - | 51 | 4 | 405 | 4 | $0 | $0 |
| 24/07/24 | 96 | 599 | $ 775 | 53 | 7 | 494 | 8 | $775 | $0 |
| 25/07/24 | 102 | 577 | $ 3,410 | 58 | 13 | 526 | 17 | $3,374 | $32 |
| 26/07/24 | 104 | 647 | $ 2,813 | 73 | 8 | 602 | 19 | $2,783 | $30 |
| 27/07/24 | 120 | 732 | $ 3,108 | 75 | 8 | 674 | 13 | $3,064 | $26 |

Source: Meta Ad Library Report

* The amount only includes pages that spent more than $100 within the given date range.

Advertisement by Date

*অনলাইনে চলমান বিভিন্ন প্রাসঙ্গিক বিষয় নিয়ে আপনার গঠনমূলক পর্যবেক্ষন কিংবা অভিমত আমাদের কাছে পাঠাতে পারেন। আমরা তা আমাদের ওয়েবসাইটে প্রকাশ করবো। আমাদের পাঠাতে হবে jachai.team@gmail.com-এই ঠিকানায়। অথবা যাচাই-এর ফেসবুক পেইজ-এ সরাসরি পাঠিয়ে দিতে পারেন।*

সর্বশেষ হালনাগাদ: জুলাই ৩১, ২০২৪ ০৩:১৯ পূর্বাহ্ন +০৬০০